# অনার্স -৩য় বর্ষ

বিভাগ: সমাজবিজ্ঞান

বিষয়: নগর সমাজবিজ্ঞান (২৩২০১৩)

**ক-বিভাগ: অতিসংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর**

১. The City’ গ্রন্থটির লেখক কে?

উত্তর: ম্যাক্স ওয়েবার।

২. “Urban Sociology as the specialized study of city life and problems.”- উক্তিটি কার?

উত্তর: এল. টি. হবহাউজের।

৩. “Urban Sociology is the study of social relationship and structures in the city.”- উক্তিটি কার?

উত্তর: নেলস অ্যান্ডারসনের।

৪. ‘Contemporary Urban Sociology’ গ্রন্থটির রচয়িতা কে?

উত্তর: উইলিয়াম ফ্লানাগান।

৫. নগর সমাজবিজ্ঞানের উৎপত্তির উৎসগুলো কী?

উত্তর: জার্মান মতবাদ গোষ্ঠী ও শিকাগো মতবাদ গোষ্ঠী।

৬. শিকাগো স্কুলের উদ্যোক্তা কে ছিলেন?

উত্তর: শিকাগো স্কুলের উদ্যোক্তা ছিলেন রবার্ট পার্ক।

৭. নগর কী?

উত্তর: নগর বলতে বুঝায় সামাজিক দিক হতে অসদৃশ ব্যক্তির তুলনামূলকভাবে বড়, ঘন এবং স্থায়ী বাসস্থানের অঞ্চল বা এলাকা।

৮. মেগাসিটি কী?

উত্তর: কোনো মেট্রোপলিটন শহরে এক কোটির ওপরে লোক বসবাস করলে তাকে মেগাসিটি বলে।

৯. Concentric Zone Theory এর প্রবক্তা কে?

উত্তর: Concentric Zone Theory এর প্রবক্তা হলেন আর্নেস্ট ডব্লিউ. বার্জেস।

১০. “নগর হলো বণিকদের সম্প্রদায়।- উক্তিটি কার?

উত্তর: হেনরি পিরেনের।

১১. ‘Gesellschaft’ কী?

উত্তর: ‘Gesellschaft’ হলো সংঘভিত্তিক সমাজ।

১২. হেনরি পিরেনের মতে কোন দুইটি উপাদান নগর বিকাশের জন্য দায়ী?

উত্তর: হেনরি পিরেনের মতে মধ্যবিত্ত সম্প্রদায় ও সাম্প্রদায়িক সংগঠন নগর বিকাশের জন্য দায়ী।

১৩. পুঁজি পুঞ্জিভবন তত্ত্বের প্রবক্তা কে?

উত্তর: পুঁজি পুঞ্জিভবন তত্ত্বের প্রবক্তা হলেন হ্যানসেন ও সিঙ্গেলটোন।

১৪. শিল্পভিত্তিক নগর সমাজের দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর।

উত্তর: শিল্পভিত্তিক নগর সমাজের দু’ টি বৈশিষ্ট্য- ১. শিল্পভিত্তিক অর্থনীতি ও ২. শিল্পভিত্তিক শ্রম বিভাজন।

১৫. ‘যন্ত্রের প্রবৃদ্ধি বা প্রবৃদ্ধির যন্ত্র তত্ত্বের প্রবক্তা কে?

উত্তর: যন্ত্রের প্রবৃদ্ধি বা প্রবৃদ্ধির যন্ত্র’ তত্ত্বের প্রবক্তা হচ্ছেন লোগান ও মোলক।

১৬. রিয়েল এস্টেট কী?

উত্তর: রিয়েল এস্টেট হলো এক ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান যারা বহুতলবিশিষ্ট ভবন, বাণিজ্যিক ভবন নির্মাণ করে থাকে।

১৭. ‘The New Urban Sociology’ গ্রন্থটির লেখক কে?

উত্তর: মার্ক গটডিনার।

১৮. প্রতিবেশিত্ব কী?

উত্তর: প্রতিবেশিত্ব হলো সামাজিক মিথস্ক্রিয়াসম্পন্ন এমন এক জনগোষ্ঠী যারা পারস্পরিক হাসিকান্না, সুখ-দুঃখ নিজেদের মধ্যে ভাগাভাগি করে নেয় এবং পারস্পরিক সহমর্মিতা ও সহানুভূতি প্রদর্শনের মাধ্যমে নিজেদের অখণ্ডতা প্রকাশ করার অভিপ্রায় পোষণ করে।

১৯. প্রতিবেশিত্ব কত প্রকার?

উত্তর: প্রতিবেশিত্ব ছয় প্রকার।

২০. সিটাস কী?

উত্তর: Situs একটি ল্যাটিন শব্দ। যার অর্থ Position বা অবস্থান। তাই Situs হচ্ছে আইনগতভাবে বৈধ একটি অবস্থান যা কোনো ব্যক্তির মালিকানায় রয়েছে।

২১. সবুজ বলয় কী?

উত্তর: সবুজ বলয় বলতে পরিকল্পিত এবং ব্যাপক ও বিস্তৃত বনায়নকে বুঝায়।

২২. ‘Das Kapital’ গ্রন্থটির রচয়িতা কে?

উত্তর: কাল মার্কস।

২৩. ‘Underclass’ কী?

উত্তর: কম সুবিধাপ্রাপ্ত সংখ্যালঘু শ্রেণিকে ‘Underclass’ বলে অভিহিত করা হয়।

২৪. এথনিসিটি কী?

উত্তর: এথনিসিটি বলতে এমন একটি জনগোষ্ঠী বা সামাজিক গোষ্ঠীকে বুঝায়, যাদের নিজস্ব ভাষা ও সংস্কৃতি রয়েছে এবং যারা অন্য জাতি থেকে ভিন্ন।

২৫. নগর দারিদ্র্য কী?

উত্তর: নগর দারিদ্র্য হলো এমন একটি আর্থসামাজিক অবস্থা যেখানে মানুষ তাদের জীবনধারণের মৌল প্রয়োজনগুলো পূরণের ন্যূনতম মান অর্জনে অক্ষম।

২৬. বর্ণবাদ কী?

উত্তর: বর্ণবৈষম্যবাদ একটি চরমপন্থি ধারণা, যেখানে মনে করা হয় মানুষের দৈহিক, গঠনশৈলীর পার্থক্যের কারণে মানুষের সাথে মানুষের অসম সম্পর্ক গড়ে ওঠে।

২৭. ভদ্রবেশী অপরাধ কী?

উত্তর: ভদ্রবেশী অপরাধ এমন এক ধরনের অপরাধ যা সামাজিক মর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ তাদের পেশাগত জীবনে সম্পাদন করে থাকে।

২৮. উপশহর  অথবা, শহরতলি কী

উত্তর: কোনো বৃহৎ নগরীর উপকণ্ঠে অবস্থিত ক্ষুদ্রতম এবং প্রশাসনিকভাবে পৃথক জনবসতিকে উপশহর বা শহরতলি বলে।

২৮. উপশহর কী? অথবা, শহরতলি কী? উত্তর: কোনো বৃহৎ নগরীর উপকণ্ঠে অবস্থিত ক্ষুদ্রতম এবং প্রশাসনিকভাবে পৃথক জনবসতিকে উপশহর বা শহরতলি বলে।

২৯. বস্তি কী?

উত্তর: সাধারণত নগর এলাকার সহায়সম্বলহীন দরিদ্র ও দুস্থ লোকদের সমন্বয়ে গঠিত ঘিঞ্জি, নোংরা ও ঘনবসতি এলাকাকে বস্তি বলে।

৩০. স্থানীয় সরকার কী?

উত্তর: স্থানীয় পর্যায়ে স্থানীয় প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত ও পরিচালিত সরকারই স্থানীয় সরকার।

৩১. বাংলাদেশের স্থানীয় সরকার কাঠামোর স্তর কয়টি ও কী কী?

উত্তর: বাংলাদেশের স্থানীয় সরকার কাঠামোর স্তর তিনটি। যথা: ১. ইউনিয়ন পরিষদ; ২. উপজেলা পরিষদ, ৩. জেলা পরিষদ।

৩২. অভিবাসন কী?

উত্তর: অভিবাসন হচ্ছে কোনো বিশেষ ভৌগোলিক এলাকা বা দেশ ছেড়ে অন্য ভৌগোলিক দেশ বা এলাকায় বসবাসের উদ্দেশ্যে গমন করা।

৩৩. প্রাইমেট সিটি কী?

উত্তর: একটি দেশের অনেকগুলো শহরের মধ্য একটি শহর বৃহৎ নগর হিসেবে বিকাশ লাভ করাই হলো প্রাইমেট সিটি।

৩৪. বাংলাদেশের কোন শহরকে 'প্রাইমেট সিটি বলা হয়?

উত্তর: বাংলাদেশের ঢাকা শহরকে 'প্রাইমেট সিটি বলা হয়।

৩৫. অতি নগরায়ণ কী?

উত্তর: অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সামাজিক সক্ষমতার সংগতিবিহীন নগরায়ণকে অতি নগরায়ণ বলে। অর্থাৎ শহরে স্বাভাবিকভাবে যে পরিমাণ জনসংখ্যার সংকুলান সম্ভব তার চেয়ে বেশি জনসংখ্যার অবস্থান বা আগমন হলে তাকে অতি নগরায়ণ বলা যায়।

৩৬. স্কোয়াটার কী?

উত্তর: সরকারি খোলা জায়গায় অবৈধভাবে যে বসতি গড়ে ওঠে তাকে স্কোয়াটার বলে।

৩৭. "Urbanism is a way of life." উক্তিটির প্রবক্তা কে?

উত্তর: লুইস ওয়ার্থ।

৩৮. নগর সংস্কৃতি কী?

উত্তর: নগর সংস্কৃতি হলো নগরস্থ মানুষের যাবতীয় ভাবগত ও বস্তুগত বিষয় যা শহরের মানুষের দৈনন্দিন জীবনযাপন ও সৃষ্টিশীলতার জন্য অপরিহার্য।

৩৯. 'REHAB' এর পূর্ণরূপ লেখ।

উত্তর: 'REHAB' এর পূর্ণরূপ হলো Real Estate and Housing Association of Bangladesh.

## **খ বিভাগ যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও**

1. নগর সম্পর্কে মাক্স ওয়েবারের ব্যাখ্যা সংক্ষেপে বর্ণনা কর।
2. বিলেজ স্টাডিজ কি?
3. সংক্ষেপে রুরাল-আরবান কন্টিনিউয়ামের ধারণা লেখ। [জা.বি. ২০২০, ২০২২ (অনার্স)]
4. উইথড্রয়াল সেভিং কাকে বলে? [জা.বি. ২০২০ (অনার্স)]
5. অতি নগরায়নের কারণসমূহ লেখ। [জা.বি. ২০২১, ২০২২ (অনার্স)]
6. নগরের প্রধান বৈশিষ্ট্যসমূহ লিখ। [জা.বি. ২০২২ (অনার্স)]
7. Urban working class কী? [জা.বি. ২০২০, ২০২১ (অনার্স)]
8. Gemeinschaft ও Gesellschaft ধারণা দুটির মধ্যে পার্থক্য লেখ। [জা.বি. ২০২২ (অনার্স)]
9. নগরায়নের প্রকারভেদগুলো বর্ণনা কর। [জা.বি. ২০২০ (অনার্স)
10. নগর জীবনে সংঘটিত সামাজিক সমস্যাগুলোর নাম উল্লেখ কর।
11. নগরের আবেগী অবস্থান সম্পর্কে উল্লেখ কর। [জা.বি. ২০১৭, ২০২২ (অনার্স)]
12. তৃতীয় বিশ্বে অতি নগরায়নের প্রভাব সংক্ষেপে আলোচনা কর। [জা.বি. ২০২০, ২০২২ (অনার্স)]
13. নগর সংস্কৃতি কাকে বলে? নগর সংস্কৃতির বৈশিষ্ট্যগুলো লেখ
14. জীবন প্রণালি হিসেবে নগরের চারটি বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা কর। [জা.বি. ২০২২ (অনার্স)]

**গ বিভাগ যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও**

1. নগর সমাজবিজ্ঞানের বিষয়বস্তু আলোচনা কর। [জা.বি. ২০২১, ২০২২, ২০১৭, ২০১৬ (অনার্স)]
2. একটি স্বতন্ত্র বিজ্ঞান হিসেবে নগর সমাজবিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশ আলোচনা কর। [জা.বি. ২০২১, ২০২২ (অনার্স)]
3. নগরের উন্নয়নে সমাজ দর্শন কীভাবে ভূমিকা পালন করে? [জা.বি. ২০১৭, ২০১৯, ২০২০ (অনার্স)]
4. নগর সমাজবিজ্ঞানে টনিসের অবদান আলোচনা কর। অথবা, টনিসের যুগান্তকারী অবদান আলোচনা কর। [জা.বি. ২০২২ (অনার্স)]
5. ম্যাক্স ওয়েবারের দৃষ্টিতে নগর সমাজবিজ্ঞান আলোচনা কর। [জা.বি. ২০২২ (অনার্স)]
6. নগরের শ্রেণি দৃষ্টিকোণ সম্পর্কে ফ্রেডরিক এঙ্গেলস এর তত্ত্বটি বিশ্লেষণ কর। [জা.বি. ২০১৭, ২০১৯, ২০২২ (অনার্স)]
7. প্রতিবেশিত্ব কি? প্রতিবেশিত্বের বৈশিষ্ট্যসমূহ বর্ণনা কর।
8. প্রতিবেশিত্বের ধরনসমূহ আলোচনা কর। [জা.বি. ২০১৯, ২০২০, ২০২২ (অনার্স)]
9. নগরাঞ্চলের অর্থনৈতিক অবস্থিত নারীর ভূমিকা মূল্যায়ন কর। [জা.বি. ২০১৭, ২০২০, ২০২২ (অনার্স)]
10. দারিদ্র্য কাকে বলে? তৃতীয় বিশ্বের মহানগরে দারিদ্র্যতার স্বরূপ ব্যাখ্যা কর। [জা.বি. ২০১৯, ২০২১ (অনার্স)]
11. মিলন কারক ও বিকর্ষণ কারক সম্পর্কে আলোচনা কর। [জা.বি. ২০২০ (অনার্স)]
12. বাংলাদেশের পরিপ্রেক্ষিতে নগরায়ণের প্রধান কারণসমূহ আলোচনা কর। [জা.বি. ২০২০, ২০২২ (অনার্স)]
13. নগরের ক্রমবর্ধমান আবাসন সমস্যা নিরসনে করণীয় সম্পর্কে আলোচনা কর। [জা.বি. ২০২১, ২০২২ (অনার্স)]
14. সাম্প্রতিক বাংলাদেশে নগরায়নের দ্বারা আলোচনা কর। [জা.বি. ২০২১, ২০১৯, ২০২০, ২০২২
15. নগর সংস্কৃতির পরিবর্তনে আধুনিকায়নের প্রভাব আলোচনা কর। [জা.বি. ২০২০, ২০১৯, ২০২১, ২০২২ (অনার্স)]